দৈনিক সংবাদ

তারিখ ... 14 FEB 1990 ... পৃষ্ঠা ... 6 ... কলাম ... 8 ...

10 26

### চাঁদপুর সরকারী কলেজ

# শিক্ষকের অভাবে অনার্স কোর্স চালু করা সম্ভব হচ্ছে না

চাঁদপুর, ১২ই ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)। -চাঁদপুর সরকারী কলেজে ৪টি বিষয়ে অনার্স কোর্স চালুর অনুমতি থাকলেও প্রয়োজনীয় শিক্ষকের অভাবে তা চালু করা সম্ভব হচ্ছে না। ফলে অনেক গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রী পাস কোর্সে ভর্তি হতে বাধ্য হচ্ছে।

চাঁদপুর ও কয়েকটি পার্শ্ববর্তী জেলার উল্লেখযোগ্য সংখ্যক ছাত্রছাত্রী এ কলেজে পড়ছে। কলেজটিতে বিভিন্ন বিষয়ে অনার্স কোর্স চালু হোক---এটা জেলাবাসীর দীর্ঘদিনের দাবী। শিক্ষা মন্ত্রণালয় এ কলেজে বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, হিসাব বিজ্ঞান ও অর্থনীতি বিষয়ে অনার্স চালুর অনুমতি প্রদান করেছে। কিন্তু প্রয়োজনীয় শিক্ষকের অভাবে বিশ্ববিদ্যালয়ের উপযোজন এখনো মেলেনি।

উল্লেখিত বিষয়গুলোর মধ্যে বাংলা বিভাগে ৩ জন, রাষ্ট্রবিজ্ঞানে ২ জন, হিসাব বিজ্ঞানে ৩ জন এবং অর্থনীতি বিভাগে ২ জন শিক্ষক আছেন। অথচ অনার্স চালু করতে হলে প্রতিটি বিভাগে কমপক্ষে ৭ জন শিক্ষক প্রয়োজন। এদিকে কলেজ গ্রন্থাগারে অনার্স ক্লাসের পর্যাপ্ত বইও রয়েছে। কলেজে আসবাবপত্র ও কক্ষ রয়েছে ভালোই। কেবল শিক্ষক পাওয়া গেলেই অনার্স চালু করা যেত বলে কলেজ অধ্যক্ষ জানান।

দীর্ঘদিন যাবৎ এ কলেজে শূন্য পদে শিক্ষক না থাকায় ছাত্রছাত্রীদের লেখাপড়াও মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। ৭৩টি শিক্ষক পদে আছেন ৪৪ জন। এর মধ্যে আবার কয়েকটি বিভাগে আছেন মাত্র একজন করে। এক যুগ ধরে কলেজে কোন ক্রীড়া শিক্ষক নেই। অথচ একসময়ে খেলাধুলার ক্ষেত্রে এ কলেজের যথেষ্ট সুনাম ছিল।